“যে দিনগুলোতে সূর্য উদিত হয়ে থাকে, তাদের মধ্যে সর্বত্তম হচ্ছে জুমু‘আর দিন।

আবূ হুরাইরা রদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “যে দিনগুলোতে সূর্য উদিত হয়ে থাকে, তাদের মধ্যে সর্বত্তম হচ্ছে জুমু‘আর
দিন। এদিনে আদামকে সৃষ্টি করা হয়েছিল, এ দিনে তাকে জান্নাতে প্রবেশ করানো হয়েছিল, এ দিনেই তাকে সেখান থেকে বের করা হয়েছিল। আর জুমু‘আর দিন ছাড়া কিয়ামত কায়েম হবে না।”
[সহীহ] [ইমাম মুসলিম এটি বর্ণনা করেছেন]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সংবাদ দিয়েছেন যে, যে সমস্ত দিনে সূর্য ওঠে তার মধ্যে জুমু‘আহর দিন উত্তম। জুমু‘আহর দিনের বৈশিষ্ট্যের মধ্যে রয়েছে: আল্লাহ তা‘আলা এদিনে আদাম আলাইহিস সালামকে সৃষ্টি করেছেন, এ দিনেই তাকে জান্নাতে প্রবেশ করিয়েছিলেন, এ দিনেই তাকে সেখান থেকে বের করা হয়েছিল এবং পৃথিবীতে নামিয়ে দেওয়া হয়েছিল আর জুমু‘আর দিনেই কিয়ামাত অনুষ্টিত হবে।

https://sunnah.global/hadeeth/bn/show/3711